প্রচার ধরনঃ
প্রচার তারিখঃ১৩,১৪,১৫/০৭/২৬

# কৃষি বিজ্ঞপ্তি

কৃষি তথ্য সার্ভিস,খুলনা হতে , অতিরিক্ত বৃষ্টিতে কৃষি কাজে করনীয় বিষয়ক কিছু তথ্য কৃষক ভাইদের জানিয়ে দেয়া হচ্ছে-
অতিরিক্ত বৃষ্টিতে ফসল রক্ষায় সবচেয়ে জরুরি হলো জমি থেকে দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা করা। জলাবদ্ধতা এড়াতে নালার ব্যবস্থা করুন। ছত্রাক ও পচন রোধে অনুমোদিত ছত্রাকনাশক ব্যবহার করুন এবং গাছের গোড়ার মাটি আলগা করে দিন।
সবজি বা অন্যান্য ফসলের জমির চারপাশে ও মাঝে নালা কেটে দিন যাতে বৃষ্টির পানি দ্রুত বের হয়ে যেতে পারে।
সবজি চাষে 'উঁচু বেড' পদ্ধতি ব্যবহার করুন।

জমি দীর্ঘদিন পানিতে ডুবে থাকলে ডাপোগ, ভাসমান বা ট্রে-ভিত্তিক বীজতলা ব্যবহার করা যেতে পারে। বিকল্প বীজতলা এমন স্থানে তৈরি করুন যেখানে বন্যার পানি প্রবেশের আশঙ্কা কম এবং প্রয়োজনীয় পানি নিষ্কাশনেরসুযোগ রয়েছে।

সেচ, সার ও বালাইনাশক প্রদান এবং চারা রোপন থেকে বিরত থাকুন।

বন্যার কারণে যদি পাটের জমিতে জলাবদ্ধতার সৃষ্টি হয় এবং সেটা ২/৩ দিনের মধ্যে নিষ্কাশনের সম্ভাবনা না থাকে সেক্ষেত্রে যত দ্রুত সম্ভব কর্তনযোগ্য পাট কেটে পানিতে জাগ দিতে হবে।

কলাসহ অন্যান্য ফলের ছোট গাছ ও সবজিতে খুঁটির ব্যবস্থা করুন, আখের ঝাড় বেঁধে দিন।

গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় স্থানান্তর করুন।

গোয়াল ঘরে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য বাইরে ও ভেতরে পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখুন। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।

জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নীচু এলাকা থেকে উঁচু এলাকায় স্থানান্তরের জন্য নৌকার ব্যবস্থা রাখুন।

বৃষ্টির পর মাটির চটা ভেঙে দিন এবং গাছের গোড়ায় যেন পানি না জমে সেদিকে খেয়াল রাখুন।

অতিবৃষ্টির কারণে গাছের গোড়া পচা ও নানা ধরণের ছত্রাকজনিত রোগ দেখা দিতে পারে। অনুমোদিত ছত্রাকনাশক (যেমন: ডায়থেন এম-৪৫ বা অন্য সিস্টেমেটিক ছত্রাকনাশক) ব্যবহার করুন।

বেগুন ও কুমড়াজাতীয় ফসলে পোকার আক্রমণ বাড়তে পারে। ফেরোমন ফাঁদ ব্যবহার করতে পারেন এবং আক্রান্ত ডগা ও ফল সংগ্রহ করে ধ্বংস করুন।

ভারী বৃষ্টিতে জমির উর্বরতা ও নাইট্রোজেন জাতীয় পুষ্টি উপাদান ধুয়ে যায়। কৃষি বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী হালকা মাত্রায় ইউরিয়া ও পটাশ সার উপরিপ্রয়োগ করতে হতে পারে।

সকল খামারজাত পণ্য শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

**আরো বিস্তারিত জানতে** কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে আপনার নির্দিষ্ট ফসলের জন্য তাৎক্ষণিক ও উপযোগী পরামর্শ জেনে **নিতে পারেন।**

## প্রচারেঃ কৃষি তথ্য সার্ভিস,খুলনা।

OC

১৩/০৭/২৫
(কৃষিবিদ শারমিনা শামিম)
আঞ্চলিক বেতার কৃষি অফিসার
কৃষি তথ্য সার্ভিস,
খুলনা।

CamScanner